

## প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকার আশুলিয়া বেড়িবাঁধ এলাকার ০৩(তিন) টি রেডিমিক্স কারখানাকে ৮ লক্ষ টাকা জরিমানা

মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৯১৬/২০১৯ এর নির্দেশ মোতাবেক বায়ু দূষণ প্রশমন, পরিবেশ দূষণ বিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ২৬/০৬/২০১৯ তারিখ ঢাকা মহানগরস্থ সাভার, রূপনগর ও তুরাগ থানাধীন এলাকায় ইসিএ ঘোষিত তুরাগ নদীর পাড় দখল করে, উপরন্তু পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে রেডিমিক্স কারখানা স্থাপন ও উহার কার্যক্রম পরিচালনার মাধ্যমে প্রচন্ড বায়ু দূষণ করার অপরাধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১. মীর আজহার হোসেন লিঃ-কে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা; ২. ক্রাউন সিমেন্ট কনক্রিট এন্ড বিল্ডিং প্রোডাক্টস লিঃ-কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং ৩. এনডিই রেডিমিক্স কংক্রিট লিঃ-কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা আদায় করা হয়েছে। এছাড়া, তাৎক্ষণিকভাবে আলোচ্য কারখানাগুলোর সকল কার্যক্রম বন্ধ রাখার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনাকারী বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব কাজী তামজীদ আহমেদ জানান মহামান্য সুপ্রিম কোর্টের নির্দেশ মোতাবেক বায়ু দূষণ বিরোধী অভিযান অব্যাহত থাকবে।

তারিখঃ ২৬/০৬/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং  
পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর ঢাকা।

মোবাইল নম্বরঃ ০১৭১২১৭৮৮৮২।